FEB. 26 2001

তারিখ ...
পৃষ্ঠা ১ কলাম ৪

# এসএসসি : নকলমুক্ত পরীক্ষার ব্যবস্থা নিয়েছে চট্টগ্রাম বোর্ড

**শহীদুল্লাহ শাহরিয়ার**, *চট্টগ্রাম ব্যুরো*

চট্টগ্রাম শিক্ষা বোর্ড আগামী ১৫ মার্চ থেকে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষা নকলমুক্ত, সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে গ্রহণের লক্ষ্যে বেশ কয়েকটি সিদ্ধান্ত নিয়েছে। সিদ্ধান্ত অনুযায়ী এবার এ কেন্দ্রের পরীক্ষার্থীদের 'বি' কেন্দ্রে, 'বি' কেন্দ্রের পরীক্ষার্থীদের 'সি' কেন্দ্রে পরীক্ষা দিতে হবে। এমনকি ক্যাডেট কলেজগুলোর জন্যও এ সিদ্ধান্ত প্রযোজ্য থাকবে। উপজেলা পর্যায়ে যেখানে কেন্দ্র পরিবর্তন সম্ভব নয় সেখানে প্রতিদিন পর্যবেক্ষক পরিবর্তন করা হবে।

এছাড়া নকলের দুর্গ হিসাবে চিহ্নিত ৪টি কেন্দ্র ইতিমধ্যে বাতিল করা হয়েছে। নতুনভাবে অনুমোদন দেয়া হয়েছে ৯টি কেন্দ্র। ইতিমধ্যে নকলমুক্ত পরীক্ষা গ্রহণের লক্ষ্যে ৫ ও ৩ সদস্যবিশিষ্ট, ৯৩টি ভিজিলেন্স টিম গঠন করা হয়েছে। নকল রোধে প্রস্তুতির অংশ হিসাবে ঈদুল

পরীক্ষা • পৃষ্ঠা • ১৩ কলাম • ১

## পরীক্ষা : নকলমুক্ত

আজহার কয়েকদিন পরেই প্রতিটি উপজেলায় ইউএনও ও স্ব স্ব এলাকার শিক্ষক-বুদ্ধিজীবীদের নিয়ে মতবিনিময় সভা আহ্বানের সিদ্ধান্ত নেয়া হয়েছে। জনমত ও সচেতনতা সৃষ্টির লক্ষ্যে পরীক্ষা শুরুর এক সপ্তাহ আগে থেকে পত্র-পত্রিকা ও বেতার-টেলিভিশনে প্রচার-প্রচারণারও ব্যবস্থা নেয়া হবে বলে বোর্ড সূত্রে জানা গেছে। বোর্ডের নবনিযুক্ত চেয়ারম্যান প্রফেসর আহমদ হোসেন যুগান্তরকে জানান, যেহেতু তার আমলে এটি প্রথম এসএসসি পরীক্ষা তাই নকলমুক্ত ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা গ্রহণের মধ্য দিয়ে বোর্ডের ভাবমূর্তি উজ্জ্বল করতে তিনি যথাসাধ্য চেষ্টা করবেন।

এবার চট্টগ্রাম বোর্ডের অধীনে ৭৪ হাজার ২৮০ জন ছাত্রছাত্রী পরীক্ষায় অংশ নিচ্ছে। এর মধ্যে ৩৯ হাজার ৬৮৯ জন ছাত্র ও ৩৪ হাজার ৫৯১ জন ছাত্রী রয়েছে। বোর্ডের অধীনে নতুন অনুমোদিত ৯টিসহ